

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ফেব্রুয়ারি ২২, ২০১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ ও বন মন্ত্রণালয়
পরিবেশ অধিশাখা-২
প্রজ্ঞাপন

তারিখ, ৫ ফেব্রুয়ারি, ২০১৫ খ্রিস্টাব্দ

নং ২২.০০.০০০০.০৭৩.০৫.০০৩.২০১২-৪১—জীবনিরাপত্তা সংক্রান্ত ন্যাশনাল কমিটি অন বায়োসেফটি (এনসিবি)-এর ৬ষ্ঠ সভায় গৃহীত সিদ্ধান্তের আলোকে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট কর্তৃক আবেদনকৃত প্রোভিটামিন-এ সমৃদ্ধ GR2-E BRRI dhan 29 গোল্ডেন রাইস এর বীজ আমদানি, গবেষণা এবং সংরক্ষিত গ্রীণ হাউজ পরীক্ষা সম্পাদনের জন্য নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে অনুমোদন প্রদান করা হলো :

- (১) প্রোভিটামিন-এ সমৃদ্ধ GR2-E BRRI dhan 29 গোল্ডেন রাইস-এর বীজ আমদানি থেকে শুরু করে কোন্ পর্যায়ে কি কি পদক্ষেপ গ্রহণের মাধ্যমে সম্পন্ন হবে এবং প্রতিটি ধাপে কী-কী বায়োসেফটি মেজারস্ গৃহীত হবে এবং তার মনিটরিং পদ্ধতির একটি রূপরেখা এনসিবি এবং বিসিসি-কে অবহিত করতে হবে।
- (২) বায়োসেফটি গাইডলাইন্স অব বাংলাদেশ এবং কার্টাগেনা প্রটোকল অন্ বায়োসেফটি অনুযায়ী ট্রান্সবাউন্ডারি মুভমেন্ট এবং হ্যাণ্ডলিং সম্পন্ন করতে হবে।
- (৩) পরীক্ষণটি শুধু আবদ্ধ অবস্থায় কনটেইনড গ্রীণ হাউজ এবং কনটেইনড স্ক্রীণ হাউজে সম্পন্ন করতে হবে।
- (৪) আবদ্ধ পরীক্ষণ চলাকালীন বায়োসেফটি মেজারস-এর পুঙ্খানুপুঙ্খ বিবরণসহ প্রতি ১৫ দিন অন্তর এনসিবি এবং বিসিসি বরাবরে প্রতিবেদন দাখিল করতে হবে।
- (৫) পরীক্ষণাধীন অবস্থায় ট্রান্সজেনিক ধান বীজ বা পরীক্ষণাধীন অনুজীব বা এর কোনো ট্রান্সজেনিক বৈশিষ্ট্য যদি পরিবেশে ছড়িয়ে পড়ে সে ক্ষেত্রে যে কোনো বিরূপ প্রভাবের জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানকে এর দায়-দায়িত্ব বহন করতে হবে এবং এক্ষেত্রে প্রচলিত আইনে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বিরুদ্ধে শাস্তিমূলক/ক্ষতিপূরণমূলক ব্যবস্থা গ্রহণ করা যাবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মু শুকুর আলী
উপসচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd

(১১২৯)

মূল্য : টাকা ৪.০০